গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

পত্র নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০২৯.১৭.১৯১

তারিখ : ২২ শ্রাবণ ১৪২৬
০৬ আগস্ট ২০১৯

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় :** চলতি রোপা আমন/২০১৯-২০ মৌসুমে বন্যার সম্ভাব্য ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে আপদকালীন সময়ের জন্য পূর্ব প্রস্তুতি হিসাবে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর তত্ত্বাবধানে অধিক ক্ষতিগ্রস্থ জেলা সমূহে কৃষকের জমিতে কমিউনিটিভিত্তিক রোপা আমন চারা উৎপাদন ও বিতরণ নিমিত্ত সর্বমোট ২,১২,২৬,৫০০ (দুই কোটি বার লক্ষ ছাব্বিশ হাজার পাঁচশত) টাকার অর্থ ছাড় মঞ্জুরি ।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, কৃষি **পুনর্বাসন** বাবদ ২০১৯-২০ অর্থবছরে কৃষি মন্ত্রণালয়ের অনুকূলে ৩-৪৩০১-১২০০০৬৫০৫ কৃষি পুনর্বাসন মঞ্জুরি খাতে বরাদ্দকৃত ১২০০০.০০ লক্ষ (একশত বিশ কোটি) টাকা হতে চলতি রোপা আমন/২০১৯-২০ মৌসুমে বন্যার সম্ভাব্য ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর তত্ত্বাবধানে অধিক ক্ষতিগ্রস্থ জেলা সমূহে কৃষকের জমিতে কমিউনিটিভিত্তিক রোপা আমন ধানের চারা উৎপাদন ও বিতরণ বাবদ সর্বমোট ২,১২,২৬,৫০০ (দুই কোটি বার লক্ষ পাঁচশত) টাকার বিভাজন অনুযায়ী সংশ্লিষ্ট ১০টি জেলা প্রশাসকের অনুকূলে (বিবরণ সংযুক্ত) নিম্নরূপ শর্তাবলীর আলোকে ব্যয় করার জন্য এতদ্দ্বারা অর্থ ছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। আপদকালীন সময়ের জন্য রোপা আমন ধানের বীজতলা তৈরি, চারা উত্তোলন ও বিতরণ কার্যক্রমের সার-সংক্ষেপ নিম্নরূপ:

- প্রাক্কলিত আর্থিক ব্যয়: ২,১২,২৬,৫০০ (দুই কোটি বার লক্ষ ছাব্বিশ হাজার পাঁচশত টাকা মাত্র)
- প্রস্তাবিত রোপা আমন বীজতলা তৈরির পরিমাণ: ৫৫০ (পাঁচশত পঞ্চাশ) একর।
- উপকারভোগী কৃষকের সংখ্যা: মোট ৩২,১২১ (বত্রিশ হাজার একশত একুশ) জন।
- রোপা আমনের যে জাতের বীজতলা ও চারা তৈরি করা হবে: ব্রি ধান ৪৯, ব্রি ধান ৫১, ব্রি ধান ৫২, বিনা ধান ৭, বিনা ধান ১৭।
- যে সকল জেলায় চারা বিতরণ ও উৎপাদন করা হবে: টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোনা, বগুড়া, সিরাজগঞ্জ, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট মোট ১০ টি জেলা

শর্তাবলীঃ

(১) এ অর্থ ব্যয়ে সংশ্লিষ্ট **কৃষি পুনর্বাসন** কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা/পদ্ধতি, যাবতীয় আর্থিক বিধি-বিধান এবং নিম্নবর্ণিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে ;

(২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR 2006 এবং PPR 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে ;

(৩) এ কার্যক্রম বাস্তবায়নে চলমান উন্নয়ন প্রকল্প/কর্মসূচি/অন্যান্য কার্যক্রমের সাথে দ্বৈততা পরিহারের বিষয়টি নিশ্চিত করতে হবে;

(৪) অনুমোদিত নীতিমালার আলোকে এ পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে ;

(৫) ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ০২ (দুই) মাসের মধ্যে অবশ্যই সরকারি কোষাগারে জমা/সমর্পণ করতে হবে এবং সংশ্লিষ্ট কোডে সমন্বয় করতে হবে;

(৬) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন ;

আপনার বিশ্বস্ত

০৬/০৮/২০১৯

(মো: তোফাজ্জল হোসেন)
যুগ্মসচিব
ফোন নং ৯৫৪০৯৬৪

(পৃষ্ঠা চলমান--২)

D:/Punorbason-Pronodona 2018-19-Punorbasno 2018-19-G.O (1 Cor 7 Luc)

পত্র নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০২৯.১৭.১৯১

তারিখ : ২২ শ্রাবণ ১৪২৬ / ০৬ আগস্ট ২০১৯

আদেশের দুই কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাংকনপূর্বক প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবরে প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হলো।

০৬।৮।২০১৯
(মো: তোফাজ্জল হোসেন)
যুগ্মসচিব

নং-

তারিখ :

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আদেশের অনুলিপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

পত্র নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০২৯.১৭.১৯১

তারিখ : ২২ শ্রাবণ ১৪২৬ / ০৬ আগস্ট ২০১৯

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ), কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৬. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৮. মহাপরিচালক, কৃষি সম্প্রসাণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৯. যুগ্ম সচিব, উপকরণ/সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট জেলা)।
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপরিচালক ও সদস্য সচিব, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সংশ্লিষ্ট জেলা)।
১৫. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা)।
১৬. প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১৭. হিসাব রক্ষণকর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬।৮।২০১৯
(মো: তোফাজ্জল হোসেন)
যুগ্মসচিব

D:/Punorbason-Pronodona 2018-19-Punorbasno 2018-19-G.O (1 Cor 7 Luc)

আপদকালীন রোপা আমন ধানের বীজতলা তৈরির জন্য ১০টি জেলার জেলা প্রশাসকের অনুকূলে কোডওয়ারী আ
বরাদ্দের বিভাজন (টাকা):

| ক্রমিক নং | জেলার নাম | জেলায় বীজতলার পরিমাণ (একর) | বীজতলা তৈরিতে প্রয়োজনীয় বীজ (কেজি) | অর্থনৈতিক কোড (বীজ ও চারা):৩২৫১১০৯ | অর্থনৈতিক কোড(সার): ৩২৫১১০৫ | অর্থনৈতিক (অন্যান্য): ৩৬৩১১৯৯ | কোডওয়ারী মো আর্থিক বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | টাংগাইল | ৫০ | ১৫০০০ | ১৮৫২৫০০.০০ | ১০০০০০.০০ | ৫০০০০.০০ | ২০০২৫০০.০০ |
| ২ | ময়মনসিংহ | ১৮ | ৫৪০০ | ৬৬৬৯০০.০০ | ৩৬০০০.০০ | ১৮০০০.০০ | ৭২০৯০০.০০ |
| ৩ | জামালপুর | ৭০ | ২১০০০ | ২৫৯৩৫০০.০০ | ১৪০০০০.০০ | ৭০০০০.০০ | ২৮০৩৫০০.০০ |
| ৪ | শেরপুর | ৩০ | ৯০০০ | ১১১১৫০০.০০ | ৬০০০০.০০ | ৩০০০০.০০ | ১২০১৫০০.০০ |
| ৫ | নেত্রকোনা | ৩০ | ৯০০০ | ১১১১৫০০.০০ | ৬০০০০.০০ | ৩০০০০.০০ | ১২০১৫০০.০০ |
| ৬ | বগুড়া | ১০০ | ৩০০০০ | ৩৭০৫০০০.০০ | ২০০০০০.০০ | ১০০০০০.০০ | ৪০০৫০০০.০০ |
| ৭ | সিরাজগঞ্জ | ৩০ | ৯০০০ | ১১১১৫০০.০০ | ৬০০০০.০০ | ৩০০০০.০০ | ১২০১৫০০.০০ |
| ৮ | গাইবান্ধা | ১০০ | ৩০০০০ | ৩৭০৫০০০.০০ | ২০০০০০.০০ | ১০০০০০.০০ | ৪০০৫০০০.০০ |
| ৯ | কুড়িগ্রাম | ১০০ | ৩০০০০ | ৩৭০৫০০০.০০ | ২০০০০০.০০ | ১০০০০০.০০ | ৪০০৫০০০.০০ |
| ১০ | লালমনিরহাট | ২ | ৬০০ | ৭৪১০০.০০ | ৪০০০.০০ | ২০০০.০০ | ৮০১০০.০০ |
| মোট | | ৫৩০.০০ | ১৫৯০০০.০০ | ১৯৬৩৬৫০০.০০ | ১০৬০০০০.০০ | ৫৩০০০০.০০ | ২১২২৬৫০০.০০ |

০৬/৮/২০১৭

মোঃ তোফাজ্জল হোসেন
যুগ্মসচিব
কৃষি মন্ত্রণালয়